

# ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ০২/১২/২০২১ খ্রি.

## ইনোভেশন টিমের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ০১/১২/২০২১ তারিখ (অনিবার্য কারণে পূর্ব ঘোষিত ৩০/১১/২০২১ তারিখের পরিবর্তে) রোজ বুধবার বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের নভেম্বর ২০২১ মাসের মাসিক সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাগ-১)।

### ২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। নিয়ম অনুযায়ী ইআরএলকে চলতি ২০২১-২২ অর্থ-বছরের জন্য ন্যূনতম ১টি করে সেবা ডিজিটলাইজেশন, সেবা সহজীকরণ ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় চলতি ২০২১-২২ অর্থ-বছরে ইনোভেশন টিমের বাজেট নিয়েও আলোচনা করা হয়।

### ৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- কোয়ালিটি কন্ট্রোল শাখায় ইআরএল-এর বহিরাগত প্রোডাক্ট কোয়ালিটি টেস্টিং সেবাটি সহজীকরণের জন্য কমিটি কর্তৃক প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। এই সংক্রান্ত বিস্তারিত ধারণা পরবর্তী সভায় পেশ করা হবে।
- বিভিন্ন শাখা হতে সিভিল শাখায় নৈমিত্তিক শ্রমিক নিয়োগের চাহিদাপত্রটি ডিজিটলাইজেশন করার বিষয়টি সেবা ডিজিটলাইজেশন জন্য কমিটি কর্তৃক প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। এই সংক্রান্ত বিস্তারিত ধারণা পরবর্তী সভায় পেশ করা হবে।
- ইআরএল এর উদ্ভাবনী ধারণা প্রণয়নে পরবর্তী সভায় আরও আলোচনা করতে হবে।
- ইআরএল এর চলতি ২০২১-২২ অর্থ-বছরের বাজেটে ইনোভেশন টিমের উদ্ভাবনী কার্যক্রম পরিচালনার জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকার বাজেট সংস্থান করার জন্য পেশ করা হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সোহরাব হোসেন)

ম্যানেজার (প্ল্যানিং) ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

### বিতরণঃ

জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পিএন্ডএস) ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

জনাব মামশাদ করিম আনোয়ার, এজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব সামিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

### অনুলিপিঃ

ব্যবস্থাপনা পরিচালক -সদয় অবগতির জন্য






ফাইল

# ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ০১/১২/২০২১ খ্রি.

## “ইনোভেশন টিম”-এর মাসিক সমন্বয় সভার উপস্থিতি

নাম	পদবি	স্বাক্ষর
মো. মোস্তাফিজার রহমান	ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার	
মামশাদ করিম আনোয়ার	এজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম	
সামিউল ইসলাম	ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম	 ০১.১২.২১
মো. কামরুজ্জামান	ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম	
মো. সাইফুর রহমান	ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম	 ০১/১২/২১
সোহরাব হোসেন	ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম	 ০১.১২.২১
মো. বায়েজিদ ইসলাম	এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম	 ০১/১২/২০২১